



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ^{২৪০/৭} ময়মনসিংহ-৩১৭/

তারিখঃ ২০০৮.২০১৯খ্রিঃ

বিষয়: সাময়িক বরখাস্তের বিষয়ে সমর্থনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট লিখিত বক্তব্য দাখিলকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ফুলবাড়িয়া উপজেলাধীন মজর আলী আকন্দ দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির বিরুদ্ধে অবৈধভাবে সহকারি মৌলভী পদ হতে সাময়িক বরখাস্ত করা হয়েছে মর্মে মো: আ: কুদ্দুস খান একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেছেন (কপি সংযুক্ত)। ০২ পৃষ্ঠা।

বর্ণিত অবস্থায় অভিযোগের বিষয়ে লিখিত বক্তব্য ও সমর্থনীয় কাগজপত্রসহ পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১। সভাপতি/সদস্য-ম্যানেজিং কমিটি, মজর আলী আকন্দ দাখিল মাদ্রাসা
ফুলবাড়িয়া, ময়মনসিংহ
২। সুপার, মজর আলী দাখিল মাদ্রাসার।
ডাকঘর: বাকতা, উপজেলা: ফুলবাড়িয়া, জেলা: ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/ /ময়মনসিংহ-৩১৭/

তারিখঃ ০৮.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়িয়া, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষণ অফিসার, ময়মনসিংহ।
৩. জনাব মো: আ: কুদ্দুস খান, সহকারি মৌলভী (সাময়িক বরখাস্ত)।
মজর আলী আকন্দ দাখিল মাদ্রাসা, ফুলবাড়িয়া, ময়মনসিংহ।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

৫৫

সূত্রঃ বামাশিবো/প্রশা/৩১৮৬/২/ নথি নং-মামলা ২-৩১৭, তারিখঃ ১৬/০১/২০১৯ খ্রিঃ (কপি সংযুক্ত)

বিষয়ঃ ৩৬৫৭/১৫ নং রীট মামলা, ৩৩/১৫নং অন্য এবং ০৯/১৪ নং অন্য মামলা সম্পর্কে সর্বশেষ অবস্থাসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দান প্রসঙ্গে।

জনাব,

বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী মোঃ আঃ কুদ্দুস খান, সহকারী মৌলভী, মজর আলী আকন্দ দাখিল মাদরাসা, ডাকঘরঃ বাকতা, উপজেলাঃ ফুলবাড়িয়া, জেলাঃ ময়মনসিংহ। আমার সাময়িক বরখাস্তের মেয়াদকাল ৬০ দিনের বেশি হওয়ায় চাকুরীতে স্বপদে বহালসহ সরকারী অংশের বেতন-ভাতা প্রাপ্তির লক্ষ্যে আপনার বরাবরে গত ইং ০৭/০১/২০১৯ তারিখ একটি দরখাস্ত জমা দেই। উক্ত দরখাস্তের প্রেক্ষিতে আপনার অফিস কর্তৃক গত ইং ১৫/০১/২০১৯ তারিখ একটি পত্রের মাধ্যমে ৩৬৫৭/১৫ নং রীট মামলা ৩৩/১৫ নং অন্য এবং ০৯/১৪ নং অন্য মামলার বিষয়ে সর্বশেষ অবস্থাসহ মামলা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করার জন্য বলা হয়।

নিম্নে উক্ত মামলা সমূহের বিবরণ এবং সর্বশেষ অবস্থা অবগত করলাম। যথা:

মহামান্য হাইকোর্ট বিভাগের ৩৬৫৭/১৫ নং রীট মামলার আদেশের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয়

কর্তৃক (ক) গত ইং ০৬/০৮/২০১৭ তারিখ এক চিঠির মাধ্যমে সারা দেশ ব্যাপী অবগত করেন

যে, কোন শিক্ষকের সাময়িক বরখাস্তের মেয়াদকাল ৬০ দিনের বেশি হইলে তাকে চাকুরীতে স্বপদে বহাল করতে হবে অথবা সরকারী অংশের সমুদয় বেতন-ভাতা প্রদান করতে হবে।

(খ) উক্ত রীট মামলার আদেশের প্রেক্ষিতে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক গত ইং ২৬/০৯/২০১৭ তারিখ অনুরূপ একটি প্রজ্ঞাপন জারি করেন।

মাদ্রাসা কর্তৃপক্ষ আমাকে সাময়িক বরখাস্ত করলে এবং সরকারী অংশের বেতন-ভাতা বন্ধ করলে আমি প্রথমে সহকারী জজ কোর্ট ময়মনসিংহ ০৯/১৪ নং অন্য মামলা দায়ের করি। মাননীয়

মাদালত শুনানীয়াস্তে আমার উক্ত মামলাটি খারিজ করে দেন।

পরবর্তীতে পুনরায় আমার সাময়িক বরখাস্ত এবং বেতন-ভাতা প্রাপ্তির লক্ষ্যে সহকারী জজ কোর্ট ময়মনসিংহ ৩৩/১৫ নং মামলা দায়ের করি এবং উক্ত মামলার আরজিতে ৫নং পাতায় ০৯/১৪ নং অন্য মামলার বিষয়টি উল্লেখ আছে। আমি গত ইং ২২/০১/২০১৯ তারিখ ৩৩/১৫ নং অন্য মামলাটি প্রত্যাহার করি। বর্তমানে আমার চাকুরী সংক্রান্ত বিষয়ে আর কোন মামলা নাই।

অতএব, মহোদয় উপরে উল্লেখিত বর্ণনাসমূহ সদয় বিবেচনা করে আমার দাখিলকৃত গত ইং ০৭/০১/২০১৯ তারিখের আবেদনটি যথাযথভাবে নিষ্পত্তিপূর্বক আমাকে চাকুরীতে স্বপদে পুনঃবহালসহ সরকারী অংশের বেতনভাতা প্রদানের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করলে আমি আপনার নিকট চির কৃতজ্ঞ থাকিব।

তারিখঃ ২০/০২/২০১৯ইং

সংযুক্তিঃ

- ১। ৩৬৫৭/২০১৫ নং রীট মামলার আদেশের কপি;
- ২। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত গত ইং ০৬/০৮/২০১৭ তারিখের চিঠি;
- ৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক জারীকৃত গত ইং

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
আর এও আই শাখা
জাইরী নাম্বার
২০/২/১৯

বিনীত নিবেদক,

মোঃ আঃ কুদ্দুস খান ২০/২/২০১৯

সহকারী মৌলভী (সাময়িক বরখাস্তকৃত)

মজর আলী আকন্দ দাখিল মাদরাসা

ডাকঘরঃ বাকতা উপজেলাঃ ফুলবাড়িয়া।